

Soumyajit Majumdar started shooting his debut film Homecoming

## ঘরে ফেরার নতুন গান

১৪ ফেব্রুয়ারি ২০২০ ২৩:৪২



সোহম ও সায়নী

থিয়েটার এবং বাংলা ছবির পরিচিত মুখ সৌম্যজিৎ মজুমদার ডেবিউ করছেন পরিচালক হিসেবে। তাঁর প্রথম ছবি ‘হোমকামিং’। যেখানে মুখ্য ভূমিকায় দেখা যাবে মুম্বই ও টলিউডের একঝাঁক শিল্পীকে। ছবিতে রয়েছেন সায়নী গুপ্ত, সোহম মজুমদার, তুহিনা দাস, সায়ন ঘোষ, প্রিয়ঙ্কা মণ্ডল প্রমুখ। মুম্বইয়ের শিল্পীদের মধ্যে রয়েছেন তুষার পাণ্ডে, যিনি সম্প্রতি ‘ছিছোরে’ ছবিতে অভিনয় করেছেন, প্লাবিতা বড়ঠাকুর, যিনি ‘লিপস্টিক আন্ডার মাই বুরখা’য় ছিলেন, চিত্রনাট্যকার ও অভিনেতা হুসেন দালাল যিনি ‘মার্গারিটা উইথ আ স্ট্র’, ‘জাজমেন্টাল হ্যায় কেয়া’ ছবিতে অভিনয় করেছেন। এ ছাড়া থিয়েটারের একগুচ্ছ মুখও দেখা যাবে এই ছবিতে।

সৌম্যজিতের প্রথম ছবি এক্সপেরিমেন্টাল। এই ‘এপিসোডিক সিনেমা’র চিত্রনাট্য দশটি পর্বে ভাগ করা হয়েছে। যার পাঁচটি দেখানো হবে বিরতির আগে ও পাঁচটি বিরতির পরে। একটি নাটকের দল ভেঙে যাওয়া এবং তার সদস্যদের একত্রিত হওয়া নিয়ে ছবির মূল গল্প। পরিচালকের কথায়, “আমার ছবিতে দুর্গাপূজোর অনুষ্ঙ্গ রয়েছে। তবে পূজো মানেই যে পুনর্মিলন নয়, সেই ধারণাটাকেই ভাঙার চেষ্টা করেছি।” আজ থেকে ছবির শুটিং শুরু।